শিক্ষাক্রম ২০২২

# বিষয়ভিত্তিক মূল্যায়ন নির্দেশিকা

বিষয় : ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | সপ্তম শ্রেণি

অভিজ্ঞতাভিত্তিক শিখন

যোগ্যতাভিত্তিক

সহযোগিতামূলক

শিখনকালীন মূল্যায়ন

একীভূত

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

# সপ্তম শ্রেণির মূল্যায়ন বিষয়ে
# শিক্ষকদের জন্য নির্দেশনা

## বিষয় : ইতিহাস ও সামাজিক বিজ্ঞান
## শিক্ষাবর্ষ : ২০২৩

সূচিপত্র

**ভূমিকা** ১

ক) শিখনকালীন মূল্যায়ন ১

খ) ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন ২

গ) শিক্ষার্থীর ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ ২

ঘ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা ৩

**পরিশিষ্ট ১** ৪

শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI) ৪

**পরিশিষ্ট ২** ৮

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট ৮

**পরিশিষ্ট ৩** ১৭

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক ১৯

**পরিশিষ্ট ৪** ২০

ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট ২২

# ভূমিকা

সুপ্রিয় শিক্ষকমণ্ডলী,

২০২৩ সাল থেকে শুরু হওয়া নতুন শিক্ষাক্রমের মূল্যায়ন প্রক্রিয়ায় আপনাকে সহায়তা দেয়ার জন্য এই নির্দেশিকা প্রণীত হয়েছে। আপনারা ইতোমধ্যেই জানেন যে নতুন শিক্ষাক্রমে গতানুগতিক পরীক্ষা থাকছে না, বরং সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়নের কথা বলা হয়েছে। ইতোমধ্যে অনলাইন ও অফলাইন প্রশিক্ষণে নতুন শিক্ষাক্রমের মূল্যায়ন নিয়ে আপনারা বিস্তারিত ধারণা পেয়েছেন। এছাড়া শিক্ষক সহায়িকাতেও মূল্যায়নের প্রাথমিক নির্দেশনা দেয়া আছে। তারপরেও সম্পূর্ণ নতুন ধরনের মূল্যায়ন বিধায় এই মূল্যায়নের প্রক্রিয়া নিয়ে আপনাদের মনে অনেক ধরনের প্রশ্ন থাকতে পারে। এই নির্দেশিকা সেসকল প্রশ্নের উত্তর খুঁজে পেতে ও মূল্যায়ন প্রক্রিয়ায় আপনার ভূমিকা ও কাজের পরিধি সুস্পষ্ট করতে সাহায্য করবে।

## যে বিষয়গুলি মনে রাখতে হবে,

১। নতুন শিক্ষাক্রম বিষয়বস্তুভিত্তিক নয়, বরং যোগ্যতাভিত্তিক। এখানে শিক্ষার্থীর শিখনের উদ্দেশ্য হলো কিছু সুনির্দিষ্ট যোগ্যতা অর্জন। কাজেই শিক্ষার্থী বিষয়গত জ্ঞান কতটা মনে রাখতে পারছে তা এখন আর মূল্যায়নে মূল বিবেচ্য নয়, বরং যোগ্যতার সবকয়টি উপাদান— জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধের সমন্বয়ে সে কতটা পারদর্শিতা অর্জন করতে পারছে তার ভিত্তিতেই তাকে মূল্যায়ন করা হবে।

২। শিখন-শেখানো প্রক্রিয়াটি অভিজ্ঞতাভিত্তিক। অর্থাৎ শিক্ষার্থী বাস্তব অভিজ্ঞতাভিত্তিক শিখনের মধ্য দিয়ে যোগ্যতা অর্জনের পথে এগিয়ে যাবে। আর এই অভিজ্ঞতা চলাকালে তার পারদর্শিতার ভিত্তিতে শিক্ষক মূল্যায়নের উপাত্ত সংগ্রহ করবেন।

৩। নম্বরভিত্তিক ফলাফলের পরিবর্তে এই মূল্যায়নের ফলাফল হিসেবে শিক্ষার্থীর অর্জিত যোগ্যতার (জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ) বর্ণনামূলক চিত্র পাওয়া যাবে।

৪। মূল্যায়ন প্রক্রিয়া শিখনকালীন ও সামষ্টিক এই দুটি পর্যায়ে সম্পন্ন হবে।

## ২০২৩ সালে সপ্তম শ্রেণির শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন পরিচালনায় শিক্ষকের করণীয়

শিক্ষার্থীরা কোন শিখন যোগ্যতা অর্জনের পথে কতটা অগ্রসর হচ্ছে তা পর্যবেক্ষণের সুবিধার্থে প্রতিটি একক যোগ্যতার জন্য এক বা একাধিক পারদর্শিতার সূচক (Performance Indicator, PI) নির্ধারণ করা হয়েছে। প্রতিটি পারদর্শিতার সূচকের আবার তিনটি মাত্রা নির্ধারণ করা হয়েছে। শিক্ষক মূল্যায়ন করতে গিয়ে শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে এই সূচকে তার অর্জিত মাত্রা নির্ধারণ করবেন (সপ্তম শ্রেণির ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বিষয়ের যোগ্যতাসমূহের পারদর্শিতার সূচকসমূহ এবং তাদের তিনটি মাত্রা পরিশিষ্ট-১ এ দেয়া আছে। প্রতিটি পারদর্শিতার সূচকের তিনটি মাত্রাকে মূল্যায়নের তথ্য সংগ্রহের সুবিধার্থে চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □○△ ) দিয়ে চিহ্নিত করা হয়েছে)। শিখনকালীন ও সামষ্টিক উভয় ক্ষেত্রেই পারদর্শিতার সূচকে অর্জিত মাত্রার উপর ভিত্তি করে শিক্ষার্থীর মূল্যায়ন করা হবে।

শিখনকালীন মূল্যায়নের অংশ হিসেবে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক ঐ অভিজ্ঞতার সাথে সংশ্লিষ্ট পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নিরূপণ করবেন ও রেকর্ড করবেন। এছাড়া শিক্ষাবর্ষ শুরুর ছয় মাস পর একটি ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। সামষ্টিক মূল্যায়নে শিক্ষার্থীদের পূর্বনির্ধারিত কিছু কাজ (অ্যাসাইনমেন্ট, প্রকল্প ইত্যাদি) সম্পন্ন করতে হবে। এই প্রক্রিয়া চলাকালে এবং প্রক্রিয়া শেষে একইভাবে পারদর্শিতার সূচকসমূহে শিক্ষার্থীর অর্জিত মাত্রা নির্ধারণ করা হবে। প্রথম ছয় মাসের শিখনকালীন মূল্যায়ন এবং ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের তথ্যের উপর ভিত্তি করে শিক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে।

### ক) শিখনকালীন মূল্যায়ন

এই মূল্যায়ন কার্যক্রমটি শিখনকালীন অর্থাৎ শিখন অভিজ্ঞতা চলাকালে পরিচালিত হবে।

- ✓ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে প্রতিটি শিখন অভিজ্ঞতা শেষে শিক্ষক সংশ্লিষ্ট শিখনযোগ্যতা মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা PI (পরিশিষ্ট-২ দেখুন) ব্যবহার করে শিখনকালীন মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করবেন। পরিশিষ্ট-২ এ প্রতিটি শিখন অভিজ্ঞতায় কোন কোন PI এর ইনপুট দিতে হবে এবং কোন শিখন কার্যক্রম দেখে দিতে হবে তা দেয়া আছে। প্রতিটি শিখন অভিজ্ঞতার ক্ষেত্রে শিক্ষার্থীদের তথ্য ইনপুট দেয়ার সুবিধার্থে পরিশিষ্ট-৩ এ একটি ফাঁকা ছক দেয়া আছে। এই ছকে

নির্দিষ্ট শিখন অভিজ্ঞতার নাম ও প্রযোজ্য PI নম্বর লিখে ধারাবাহিকভাবে সকল শিক্ষার্থীর মূল্যায়নের তথ্য রেকর্ড করা হবে। শিক্ষক প্রত্যেক শিক্ষার্থীর পারদর্শিতার ভিত্তিতে সংশ্লিষ্ট PI এর জন্য প্রদত্ত তিনটি মাত্রা থেকে প্রযোজ্য মাত্রাটি নির্ধারণ করবেন এবং সে অনুযায়ী চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □○△ ) ভরাট করবেন। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় এই ছকের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি করে তার সাহায্যে শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করা হবে।

- ✓ শিখনকালীন মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষক যে সকল শিখন কার্যক্রম দেখে পারদর্শিতার সূচকে শিক্ষার্থীর অর্জনের মাত্রা নিরূপণ করেছেন সেগুলোর তথ্যপ্রমাণ (শিক্ষার্থীর কাজের প্রতিবেদন, অনুশীলন বইয়ের লেখা, পোস্টার, লিফলেট, ছবি ইত্যাদি) শিক্ষাবর্ষের শেষদিন পর্যন্ত সংরক্ষণ করবেন।
- ✓ এখানে উল্লেখ্য যে, শিখন অভিজ্ঞতায় শিক্ষার্থীর অংশগ্রহণ, সম্পৃক্ততা ও সার্বিক আচরণগত দিক মূল্যায়ন করার জন্য তাদের আচরণগত সূচক (BI) এর মাত্রা নির্ধারণ করা হবে। এই সূচক ব্যবহার করে মূল্যায়নের পদ্ধতি পরবর্তীতে শিক্ষকদের জানিয়ে দেয়া হবে।

## খ) ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন

- ✓ ২০২৩ সালের জুন মাসের শেষ সপ্তাহে ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বিষয়ের ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন ও ডিসেম্বর মাসের তৃতীয় সপ্তাহে বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে। পূর্ব ঘোষিত এক সপ্তাহ ধরে এই মূল্যায়ন প্রক্রিয়া আনুষ্ঠানিকভাবে পরিচালিত হবে। স্বাভাবিক ক্লাসরুটিন অনুযায়ী ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বিষয়ের জন্য নির্ধারিত সময়ে শিক্ষার্থীরা তাদের সামষ্টিক মূল্যায়নের জন্য অর্পিত কাজ সম্পন্ন করবে।
- ✓ সামষ্টিক মূল্যায়নের ক্ষেত্রে অন্তত এক সপ্তাহ আগে শিক্ষার্থীদেরকে প্রয়োজনীয় নির্দেশনা বুঝিয়ে দিতে হবে এবং সামষ্টিক মূল্যায়ন শেষে অর্জিত পারদর্শিতার মাত্রা রেকর্ড করতে হবে।
- ✓ শিক্ষার্থীদের প্রদেয় কাজের নির্দেশনা, ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন ছক এবং শিক্ষকের জন্য প্রয়োজনীয় অন্যান্য নির্দেশাবলী সকল প্রতিষ্ঠানে জুন মাসের দ্বিতীয় সপ্তাহের মধ্যে প্রেরণ করা হবে।

## গ) শিক্ষার্থীর ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট প্রস্তুতকরণ

**কোনো একজন শিক্ষার্থীর সবগুলো পারদর্শিতার সূচকে অর্জনের মাত্রা ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা থাকবে (পরিশিষ্ট-৪ এ ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্টের ফরম্যাট সংযুক্ত করা আছে)। শিক্ষার্থীর মূল্যায়নের প্রতিবেদন হিসেবে ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর এই ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হবে, যা থেকে শিক্ষার্থী, অভিভাবক বা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ইতিহাস ও সামাজিক বিজ্ঞান বিষয়ে শিক্ষার্থীর সামগ্রিক অগ্রগতির একটা চিত্র বুঝতে পারবেন।**

**শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নে প্রত্যেক শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রার ভিত্তিতে তার ষান্মাসিক মূল্যায়নের ট্রান্সক্রিপ্ট তৈরি করা হবে। ট্রান্সক্রিপ্টের ক্ষেত্রেও শিক্ষার্থীর প্রাপ্ত অর্জনের মাত্রা চতুর্ভূজ, বৃত্ত, বা ত্রিভূজ ( □○△ ) দিয়ে প্রকাশ করা হবে। এখানে উল্লেখ্য যে, শিখনকালীন ও ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নে একই পারদর্শিতার সূচকে একাধিকবার তার অর্জনের মাত্রা নিরূপণ করতে হতে পারে। এরকম ক্ষেত্রে, একই পারদর্শিতার সূচকে কোনো শিক্ষার্থীর দুই বা ততোধিক বার ভিন্ন ভিন্ন মাত্রার পর্যবেক্ষণ পাওয়া যেতে পারে।** এক্ষেত্রে, কোনো একটিতে—

- যদি সেই পারদর্শিতার সূচকে ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, তবে ট্রান্সক্রিপ্টে সেটিই উল্লেখ করা হবে।
- যদি কোনবারই ত্রিভূজ ( △ ) চিহ্নিত মাত্রা অর্জিত না হয়ে থাকে তবে দেখতে হবে অন্তত একবার হলেও বৃত্ত ( ○ ) চিহ্নিত মাত্রা শিক্ষার্থী অর্জন করেছে কিনা; করে থাকলে সেটিই ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হবে।
- যদি সবগুলোতেই শুধুমাত্র চতুর্ভূজ (□ ) চিহ্নিত মাত্রা অর্জিত হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ট্রান্সক্রিপ্টে এই মাত্রার অর্জন লিপিবদ্ধ করা হবে।

### ঘ) মূল্যায়নে ইনক্লুশন নির্দেশনা

মূল্যায়ন প্রক্রিয়া চর্চা করার সময় জেন্ডার বৈষম্যমূলক ও মানব বৈচিত্র্যহানীকর কোন কৌশল বা নির্দেশনা ব্যবহার করা যাবেনা। যেমন— নৃতাত্ত্বিক পরিচয়, লিঙ্গবৈচিত্র্য ও জেন্ডার পরিচয়, সামর্থ্যের বৈচিত্র্য, সামাজিক অবস্থান ইত্যাদির ভিত্তিতে কাউকে আলাদা কোনো কাজ না দিয়ে সবাইকেই বিভিন্ন ভাবে তার পারদর্শিতা প্রদর্শনের সুযোগ করে দিতে হবে। এর ফলে, কোন শিক্ষার্থীর যদি লিখিত বা মৌখিক ভাব প্রকাশে চ্যালেঞ্জ থাকে তাহলে সে বিকল্প উপায়ে শিখন যোগ্যতার প্রকাশ ঘটাতে পারবে। একইভাবে, কোন শিক্ষার্থী যদি প্রচলিত ভাবে ব্যবহৃত মৌখিক বা লিখিত ভাবপ্রকাশে স্বচ্ছন্দ না হয়, তবে সেও পছন্দমত উপায়ে নিজের ভাব প্রকাশ করতে পারবে।

অনেক ক্ষেত্রেই শিক্ষার্থীর বিশেষ কোন শিখন চাহিদা থাকার ফলে, শিক্ষক তার সামর্থ্য নিয়ে সন্দিহান থাকেন এবং মূল্যায়নের ক্ষেত্রেও এর নেতিবাচক প্রভাব পড়তে পারে। কাজেই এ ধরনের শিক্ষার্থীদেরকে তাদের দক্ষতা/আগ্রহ/সামর্থ্য অনুযায়ী দায়িত্ব প্রদানের মাধ্যমে সক্রিয় অংশগ্রহণের সুযোগ দিয়ে তাদের শিখন উন্নয়নের জন্য পরিবেশ সৃষ্টি করতে হবে।

**পরিশিষ্ট ১**

শিখনযোগ্যতাসমূহ মূল্যায়নের জন্য নির্ধারিত পারদর্শিতার সূচক বা Performance Indicator (PI)

| একক যোগ্যতা | পারদর্শিতা সূচক (PI) নং | পারদর্শিতার সূচক | পারদর্শিতার মাত্রা | | |
|---|---|---|---|---|---|
| | | | □ | ○ | △ |
| ৭.১ বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি ব্যবহার করে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছানো এবং সামাজিক কাঠামো  রীতিনীতি ও মূল্যবোধ যে ধ্রুব নয় বরং প্রেক্ষাপট অনুযায়ী পরিবর্তিত হতে পারে তা হৃদয়ঙ্গম করতে পারা | ৭.১.১ | অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছে তার পরিবর্তনশীলতা উপলব্ধি করতে পারছে। | অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তেও পৌঁছাতে পারছে না এবং তার পরিবর্তনশীলতাও উপলব্ধি করতে পারছে না। | অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছাতে পারছে কিন্তু তার পরিবর্তনশীলতা উপলব্ধি করতে পারছে না। | অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছে তার পরিবর্তনশীলতা উপলব্ধি করতে পারছে। |
| | ৭.১.২ | ইতিহাস ও সামাজিক বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করতে পারছে। | পাঠ্যপুস্তকে যে সকল বিষয়ে অনুসন্ধানমূলক কাজের নির্দেশনা দেওয়া আছে ঐসব ক্ষেত্রেও অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করছে না। | পাঠ্যপুস্তকে যে সকল বিষয়ে অনুসন্ধানমূলক কাজের নির্দেশনা দেওয়া আছে শুধু ঐসব ক্ষেত্রেই অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করছে। | স্বতঃস্ফূর্তভাবে ইতিহাস ও সামাজিক বিজ্ঞানের যে কোন বিষয় অনুসন্ধানে বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করছে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭.২ নিজের ও অন্য সম্প্রদায়ের বৈশিষ্ট্যের সাদৃশ্য ও ভিন্নতা উপলব্ধি করে সহযোগিতার ভিত্তিতে পারস্পরিক সম্পর্ক স্থাপন করতে পারা | ৭.২.১ | নিজের ও অন্য সম্প্রদায়ের বৈশিষ্ট্যের সাদৃশ্য ও ভিন্নতা চিহ্নিত করে পারস্পরিক নির্ভরশীলতা উপলব্ধি করতে পারছে। | নিজের ও অন্য সম্প্রদায়ের বৈশিষ্ট্যেসমূহ চিহ্নিত করতে পারলেও সাদৃশ্য ও ভিন্নতাও চিহ্নিত করতে পারছে না, পারস্পরিক নির্ভরশীলতাও উপলব্ধি করতে পারছে না। | নিজের ও অন্য সম্প্রদায়ের বৈশিষ্ট্যের সাদৃশ্য ও ভিন্নতা চিহ্নিত করতে পারলেও পারস্পরিক নির্ভরশীলতা উপলব্ধি করতে পারছে না। | নিজের ও অন্য সম্প্রদায়ের বৈশিষ্ট্যের সাদৃশ্য ও ভিন্নতা চিহ্নিত করে পারস্পরিক নির্ভরশীলতা উপলব্ধি করতে পারছে। |
| | ৭.২.২ | নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করতে পারছে। | নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণের গুরুত্ব উপলব্ধি করতে পারছে না। | নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণের গুরুত্ব উপলব্ধি করতে পারছে। | নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করতে পারছে। |
| ৭.৩ ঐতিহাসিক তথ্য যে উৎস এবং শ্রোতার উপর নির্ভর করে এবং তা যে ব্যক্তিনিরপেক্ষ নয় তা উপলব্ধি করতে পারা | ৭.৩.১ | উৎস ও শ্রোতা ভেদে একই ঐতিহাসিক তথ্যের পরিবর্তন চিহ্নিত করতে পেরে ঐতিহাসিক তথ্য যে ব্যক্তি নিরপেক্ষ নয় তা উপলব্ধি করতে পারছে। | ভিন্ন ভিন্ন উৎস ও শ্রোতাভেদে একই ঐতিহাসিক তথ্যের পরিবর্তন তুলে ধরতে পারেনি , ফলে ঐতিহাসিক তথ্য যে ব্যক্তি নিরপেক্ষ নয় তা সুস্পষ্টভাবে প্রকাশ করতে পারেনি । | ভিন্ন ভিন্ন উৎস ও শ্রোতাভেদে একই ঐতিহাসিক তথ্যের পরিবর্তন এর কথা উল্লেখ করলেও নির্দিষ্ট প্রেক্ষাপট বা ঘটনার নিরিখে চিহ্নিত করতে পারেনি , ফলে ঐতিহাসিক তথ্য যে ব্যক্তি নিরপেক্ষ নয় তা সুস্পষ্টভাবে প্রকাশ করতে পারেনি । | ভিন্ন ভিন্ন উৎস ও শ্রোতাভেদে একই ঐতিহাসিক তথ্যের পরিবর্তন নির্দিষ্ট প্রেক্ষাপট বা ঘটনার নিরিখে চিহ্নিত করতে পেরে ঐতিহাসিক তথ্য যে ব্যক্তি নিরপেক্ষ নয় তা সুস্পষ্টভাবে প্রকাশ করতে পেরেছে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭.৪ মুক্তিযুদ্ধের আঞ্চলিক ও বৈশ্বিক প্রেক্ষাপট পর্যালোচনা করে স্থানীয় ও আন্তর্জাতিক বিভিন্ন পক্ষের অবস্থান ও ভূমিকা মূল্যায়ন করতে পারা | ৭.৪.১ | প্রেক্ষাপট পর্যালোচনা করে মুক্তিযুদ্ধে স্থানীয় ও আন্তর্জাতিক বিভিন্ন পক্ষের ভূমিকা মূল্যায়ন করে ভাতৃত্ববোধ জাগ্রত হচ্ছে। | প্রেক্ষাপট পর্যালোচনা করে মুক্তিযুদ্ধে স্থানীয় ও আন্তর্জাতিক বিভিন্ন পক্ষের ভূমিকাও মূল্যায়ন করতে পারছে না এবং ভাতৃত্ববোধও এখনো জাগ্রত হয়নি। | প্রেক্ষাপট পর্যালোচনা করে মুক্তিযুদ্ধে স্থানীয় ও আন্তর্জাতিক বিভিন্ন পক্ষের ভূমিকা মূল্যায়ন করতে পারলেও ভাতৃত্ববোধ এখনো জাগ্রত হয়নি। | প্রেক্ষাপট পর্যালোচনা করে মুক্তিযুদ্ধে স্থানীয় ও আন্তর্জাতিক বিভিন্ন পক্ষের ভূমিকা মূল্যায়ন করে ভাতৃত্ববোধ জাগ্রত হচ্ছে। |
| ৭.৫ প্রচলিত রীতিনীতি, মূল্যবোধ ইত্যাদি কীভাবে সামাজিক কাঠামোর উপর প্রভাব ফেলে এবং একই সঙ্গে এই কাঠামো দ্বারা কীভাবে সেগুলো নিয়ন্ত্রিত হয় তা অন্বেষণ করতে পারা | ৭.৫.১ | অনুসন্ধানের মাধ্যমে প্রচলিত রীতিনীতি মূল্যবোধ ও বিভিন্ন সামাজিক কাঠামো একে অন্যকে কীভাবে প্রভাবিত করে তা উপলব্ধি করতে পারছে। | অনুসন্ধানের মাধ্যমে প্রচলিত রীতিনীতি মূল্যবোধ ও বিভিন্ন সামাজিক কাঠামো সমাজে কীভাবে কাজ করে তা ক্ষেত্র বিশেষে অন্বেষণ করতে পারছে। | অনুসন্ধানের মাধ্যমে প্রচলিত রীতিনীতি মূল্যবোধ ও বিভিন্ন সামাজিক কাঠামো আলাদা আলাদাভাবে কীভাবে কাজ করে তা অন্বেষণ করতে পারছে। | অনুসন্ধানের মাধ্যমে প্রচলিত রীতিনীতি মূল্যবোধ ও বিভিন্ন সামাজিক কাঠামো একে অন্যকে কীভাবে প্রভাবিত করে তা অন্বেষণ করতে পারছে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭.৬ সময়ের সঙ্গে সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তন ব্যক্তির অবস্থান ও ভূমিকার উপর কী রকম প্রভাব ফেলে তা অনুসন্ধান করতে পারা | ৭.৬.১ | অনুসন্ধানের মাধ্যমে ব্যক্তির অবস্থান ও ভূমিকার উপর সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তনের প্রভাব উপলব্ধি করতে পারছে। | অনুসন্ধানের মাধ্যমে আলাদাভাবে শুধু ব্যক্তির অবস্থান ও ভূমিকার পরিবর্তন এবং সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তনের যে কোন একটি অনুসন্ধান করতে পারছে। | অনুসন্ধানের মাধ্যমে আলাদা আলাদাভাবে ব্যক্তির অবস্থান ও ভূমিকার পরিবর্তন এবং সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তন উপলব্ধি করতে পারলেও উভয়ের আন্তঃসম্পর্ক উপলব্ধি করতে পারছে না। | অনুসন্ধানের মাধ্যমে ব্যক্তির অবস্থান ও ভূমিকার উপর সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তনের প্রভাব উপলব্ধি করতে পারছে। |
| ৭.৭ স্থানীয় ও বৈশ্বিক প্রেক্ষাপটে প্রাকৃতিক ও সামাজিক পরিবর্তনের আন্তঃসম্পর্ক উদঘাটন করে টেকসই উন্নয়নের লক্ষ্যে নিজস্ব গন্ডিতে কার্যকর ভূমিকা পালন করতে পারা | ৭.৭.১ | স্থানীয় ও বৈশ্বিক প্রেক্ষাপটে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বিভিন্ন ধরনের পরিবর্তন পর্যালোচনা করে এদের আন্তঃসম্পর্ক উদঘাটন করতে পারছে। । | প্রাকৃতিক পরিবেশের প্রভাবে সামাজিক পরিবেশের পরিবর্তন এবং সামাজিক পরিবেশের পরিবর্তনের ফলে প্রাকৃতিক পরিবেশের পরিবর্তনের ধরণ কিছু কিছু ক্ষেত্রে অনুসন্ধান করতে পারলেও স্থানীয় ও বৈশ্বিক উভয় প্রেক্ষাপটে এর সামগ্রিক চিত্র এবং উভয়ের আন্তঃসম্পর্ক উপলব্ধি করতে পারছে না। | শুধু স্থানীয় প্রেক্ষাপটে প্রাকৃতিক পরিবেশের প্রভাবে সামাজিক পরিবেশের পরিবর্তন এবং সামাজিক পরিবেশে পরিবর্তনের ফলে প্রাকৃতিক পরিবেশের পরিবর্তনের ধরণ অনুসন্ধান করতে পারছে এবং এদের আন্তঃসম্পর্কও উপলব্ধি করতে পারছে। কিন্তু বৈশ্বিক প্রেক্ষাপট বিবেচনায় এনে এদের আন্তঃসম্পর্ক উপলব্ধি করতে পারছে না। | স্থানীয় ও বৈশ্বিক উভয় প্রেক্ষাপটে প্রাকৃতিক পরিবেশের প্রভাবে সামাজিক পরিবেশের পরিবর্তন এবং সামাজিক পরিবেশের পরিবর্তনের ফলে প্রাকৃতিক পরিবেশের পরিবর্তনের ধরণ অনুসন্ধান করে উভয়ের আন্তঃসম্পর্ক উপলব্ধি করতে পারছে। |
| | ৭.৭.২ | স্থানীয় ও বৈশ্বিক প্রেক্ষাপটে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের আন্তঃসম্পর্ক বিবেচনায় নিয়ে নিজস্ব গন্ডিতে টেকসই উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করতে পারছে। | স্থানীয়/বৈশ্বিক প্রেক্ষাপটে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের আন্তঃসম্পর্ক বিবেচনা এবং টেকসই উন্নয়নের উপায় উপলব্ধি করতে পারলে ও নিজস্ব গন্ডিতে টেকসই উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করতে পারছে না। | শুধু স্থানীয় প্রেক্ষাপটে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের আন্তঃসম্পর্ক বিবেচনায় নিয়ে নিজস্ব গন্ডিতে টেকসই উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করতে পারছে। | স্থানীয় ও বৈশ্বিক উভয় প্রেক্ষাপটে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের আন্তঃসম্পর্ক বিবেচনায় নিয়ে নিজস্ব গন্ডিতে টেকসই উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করতে পারছে। |

## পরিশিষ্ট ২

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট

সপ্তম শ্রেণির নির্দিষ্ট শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের টপশিট পরবর্তী পৃষ্ঠা থেকে ধারাবাহিকভাবে দেয়া হল। শিক্ষক কোন অভিজ্ঞতা শেষে কোন পারদর্শিতার সূচকে ইনপুট দেবেন তা প্রতিটি শিখন অভিজ্ঞতার সাথে দেয়া আছে। একটা বিষয়ে বিশেষভাবে মনে রাখা জরুরি যে, **শিক্ষার্থী ইতিহাস ও সামাজিক বিজ্ঞানের বিষয়ভিত্তিক জ্ঞান কতটা মুখস্থ করতে পারছে, শিক্ষক কখনই তার ভিত্তিতে শিক্ষার্থীর অর্জিত পারদর্শিতার মাত্রা নির্ধারণ করবেন না বরং যেসব পারদর্শিতার সূচকের ক্ষেত্রে বিষয়ভিত্তিক জ্ঞান প্রাসঙ্গিক, সে কোন সূত্র থেকে তথ্য নিয়ে কীভাবে সেই তথ্য ব্যবহার করছে তার ওপর শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা নির্ভর করবে।**

নির্দিষ্ট শিখন অভিজ্ঞতার ক্ষেত্রে শিক্ষার্থীর যে পারদর্শিতা দেখে শিক্ষক তার অর্জিত মাত্রা নিরূপণ করবেন তা সংশ্লিষ্ট পারদর্শিতার মাত্রার নিচে দেয়া আছে; এবং যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করে এই ইনপুট দেবেন তাও ছকের ডান পাশে উল্লেখ করা আছে। পরিশিষ্ট-৩ এ শিক্ষার্থীর মূল্যায়নের তথ্য সংগ্রহের একটা ফাঁকা ছক দেয়া আছে। ঐ ছকের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি তৈরি করে শিক্ষক প্রতিটি শিখন অভিজ্ঞতার তথ্য সংগ্রহ ও সংরক্ষণে ব্যবহার করতে পারবেন।

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | | | |
|---|---|---|---|---|
| **অভিজ্ঞতা নং : ১**<br>**অভিজ্ঞতার শিরোনাম : যৌক্তিক সিদ্ধান্ত নেওয়া যায় কীভাবে?** | | **শ্রেণি : ৭ম** | | **বিষয় : ইতিহাস ও সামাজিক বিজ্ঞান** |
| **পারদর্শিতার সূচক (PI)** | **পারদর্শিতার সূচকের মাত্রা** | | | **যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন** |
| | □ | ○ | △ | |
| ৭.১.১ অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছে তার পরিবর্তনশীলতা উপলব্ধি করতে পারছে। | অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তেও পৌঁছাতে পারছে না এবং তার পরিবর্তনশীলতাও উপলব্ধি করতে পারছে না। | অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছাতে পারছে কিন্তু তার পরিবর্তনশীলতা উপলব্ধি করতে পারছে না। | অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছে তার পরিবর্তনশীলতা উপলব্ধি করতে পারছে। | অনুসন্ধানী কাজ ১ থেকে ৬ (পৃষ্ঠা নং ১২ থেকে ২৮) ও ১৫ পৃষ্ঠার ছক |

| | | | | |
|---|---|---|---|---|
| | যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে | | | |
| | ১। নিজের ব্যক্তিগত অনুমান চিহ্নিত করতে পারলেও প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করতে পারছেনা। তার ফলে সিদ্ধান্তেও পৌঁছাতে পারছেনা। | ১। নিজের ব্যক্তিগত অনুমান প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করতে পারলেও যুক্তিসঙ্গত সিদ্ধান্তে পৌঁছাতে পারছে না। | ১। নিজের ব্যক্তিগত অনুমান প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করে তা যাচাই করতে পারছে এবং তা থেকে একটি যুক্তিসঙ্গত সিদ্ধান্তে পৌঁছাতে পারছে। | |
| ৭.১.২ ইতিহাস ও সামাজিক বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করতে পারছে। | পাঠ্যপুস্তকে যে সকল বিষয়ে অনুসন্ধানমূলক কাজের নির্দেশনা দেওয়া আছে ঐসব ক্ষেত্রেও অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করছে না। | পাঠ্যপুস্তকে যে সকল বিষয়ে অনুসন্ধানমূলক কাজের নির্দেশনা দেওয়া আছে শুধু ঐসব ক্ষেত্রেই অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করছে। | পাঠ্যপুস্তকে যে সকল বিষয়ে অনুসন্ধানমূলক কাজের নির্দেশনা দেওয়া আছে শুধু ঐসব ক্ষেত্রেই অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করছে। | পৃষ্ঠা নং ১৪ এর ২ টি মূল্যায়ন রুব্রিক্স, পৃষ্ঠা নং ২৪ এর মূল্যায়ন রুবিক্স, শিক্ষক সহায়িকার পৃষ্ঠা নং ৩০,৩১,৩২ এর রুব্রিক্স ও ৩৭ এর প্রতিফলন ছক, ৪৭, ৪৮ পৃষ্ঠার মূল্যায়ন ছক, ৬৯ পৃষ্ঠার প্রতিফলনের মূল্যায়ন রুব্রিক্স |
| | যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে | | | |
| | ১। অনুসন্ধানের জন্য আদর্শ বা প্রত্যাশার ছকে তথ্য সংগ্রহের আগে এবং তথ্য সংগ্রহের পরে যে আদর্শ বা প্রত্যাশা নির্ধারণ করা হয়েছে তার কোনটিই পূরণ করতে পারেনি।<br>২। খুব কম ক্ষেত্রেই অনুসন্ধানী কাজের প্রতিফলন করছে এবং সেক্ষেত্রেও নিজের কাজের সবলতা ও দুর্বলতা, সীমাবদ্ধতা, পরবর্তী উন্নয়ন পন্থাও ভালোভাবে নির্ণয় করতে পারছে না। | ১। অনুসন্ধানের জন্য আদর্শ বা প্রত্যাশার ছকে তথ্য সংগ্রহের আগে এবং তথ্য সংগ্রহের পরে যে আদর্শ বা প্রত্যাশা নির্ধারণ করা হয়েছে তার কিছু কিছু পূরণ করতে পেরেছে।<br>২। অনুসন্ধানী কাজগুলোর বেশির ভাগেরই প্রতিফলন করলেও নিজের কাজের সবলতা ও দুর্বলতা, সীমাবদ্ধতা, পরবর্তী উন্নয়ন পন্থাও ভালোভাবে নির্ণয় করতে পারছে না। | ১। অনুসন্ধানের জন্য আদর্শ বা প্রত্যাশার ছকে তথ্য সংগ্রহের আগে এবং তথ্য সংগ্রহের পরে যে আদর্শ বা প্রত্যাশা নির্ধারণ করা হয়েছে তার সবগুলোই পূরণ করতে পেরেছে।<br>২। অনুসন্ধানী কাজ গুলোর বেশির ভাগেরই প্রতিফলন করছে এবং নিজের কাজের সবলতা ও দুর্বলতা, সীমাবদ্ধতা, পরবর্তী উন্নয়ন পন্থা নির্ণয় করতে পারছে। | |

শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক

| অভিজ্ঞতা নং : ২<br>অভিজ্ঞতার শিরোনাম : সম্প্রদায় | শ্রেণি : ৭ম | বিষয় : ইতিহাস ও সামাজিক বিজ্ঞান |
|---|---|---|

| পারদর্শিতার সূচকে (PI) | পারদর্শিতার সূচকের মাত্রা | | | যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন |
|---|---|---|---|---|
| | □ | ○ | △ | |
| ৭.২.১ নিজের ও অন্য সম্প্রদায়ের বৈশিষ্ট্যের সাদৃশ্য ও ভিন্নতা চিহ্নিত করে পারস্পরিক নির্ভরশীলতা উপলব্ধি করতে পারছে। | নিজের ও অন্য সম্প্রদায়ের বৈশিষ্ট্যেসমূহ চিহ্নিত করতে পারলেও সাদৃশ্য ও ভিন্নতা চিহ্নিত করতে পারছে না পারস্পরিক নির্ভরশীলতাও উপলব্ধি করতে পারছে না। | নিজের ও অন্য সম্প্রদায়ের বৈশিষ্ট্যের সাদৃশ্য ও ভিন্নতা চিহ্নিত করতে পারলেও পারস্পরিক নির্ভরশীলতা উপলব্ধি করতে পারছে না। | নিজের ও অন্য সম্প্রদায়ের বৈশিষ্ট্যের সাদৃশ্য ও ভিন্নতা চিহ্নিত করে পারস্পরিক নির্ভরশীলতা উপলব্ধি করতে পারছে। | পৃষ্ঠা নং ৫১ এর খেলা , ৫৭, ৫৯ এর কাজগুলো |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | নিজের ও অন্য সম্প্রদায়ের বৈশিষ্ট্যসমূহ চিহ্নিত করে যার যেই বৈশিষ্ট্য সেই অনুযায়ী ৫১ পৃষ্ঠার খেলায় দাঁড়িয়ে যেতে পারছে না। ৫৭ পৃষ্ঠার ছক পূরন করত পারছে না। | নিজের ও অন্য সম্প্রদায়ের বৈশিষ্ট্যের সাদৃশ্য ও ভিন্নতা চিহ্নিত করে নিজ সম্প্রদায়ের কোনে দাঁড়াতে পারলেও ৫৭, ৫৯ পৃষ্ঠার ছকগুলো সঠিক ভাবে পূরণ করতে পারছেনা। | নিজের ও অন্য সম্প্রদায়ের বৈশিষ্ট্যের সাদৃশ্য ও ভিন্নতা চিহ্নিত করে পারস্পরিক নির্ভরশীলতা উপলব্ধি করে সবগুলো কাজ সঠিক উপায়ে করতে পারছে। | |
| ৭.২.২ নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করতে পারছে। | নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণের গুরুত্ব উপলব্ধি করতে পারছে না। | নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণের গুরুত্ব উপলব্ধি করতে পারছে। | নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করতে পারছে। | পৃষ্ঠা নং ৬১ এর ছক |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | সক্রিয় নাগরিক ক্লাবের মাধ্যমে অন্যান্য সম্প্রদায়ের সদস্যদের সহযোগিতা করার জন্য তালিকা প্রণয়ন করতে আগ্রহী নয়। | সক্রিয় নাগরিক ক্লাবের মাধ্যমে অন্যান্য সম্প্রদায়ের সদস্যদের সহযোগিতা করার জন্য তালিকা প্রণয়ন করতে আগ্রহী হলেও বাস্তবায়নে স্বতঃস্ফূর্ত আগ্রহ নেই। | স্বতঃস্ফূর্তভাবে সক্রিয় নাগরিক ক্লাবের মাধ্যমে অন্যান্য সম্প্রদায়ের সদস্যের সহযোগিতা করার তালিকা ও বাস্তবায়নের কাজ করেছে। | |

| শিখন অভিজ্ঞতা ভিত্তিক মূল্যায়ন ছক | | | | |
|---|---|---|---|---|
| **অভিজ্ঞতা নং : ৩**<br>**অভিজ্ঞতার শিরোনাম : মুক্তিযুদ্ধের দেশি ও বিদেশি বন্ধুরা** | | **শ্রেণি : ৭ম** | | **বিষয় : ইতিহাস ও সামাজিক বিজ্ঞান** |
| **পারদর্শিতার সূচক (PI)** | **পারদর্শিতার সূচকের মাত্রা** | | | **যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন** |
| | □ | ○ | △ | |
| ৭.৩.১ উৎস ও শ্রোতা ভেদে একই ঐতিহাসিক তথ্যের পরিবর্তন চিহ্নিত করতে পেরে ঐতিহাসিক তথ্য যে ব্যক্তিনিরপেক্ষ নয় তা উপলব্ধি করতে পারছে। | ভিন্ন ভিন্ন উৎস ও শ্রোতাভেদে একই ঐতিহাসিক তথ্যের পরিবর্তন তুলে ধরতে পারেনি , ফলে ঐতিহাসিক তথ্য যে ব্যক্তিনিরপেক্ষ নয় তা সুস্পষ্টভাবে প্রকাশ করতে পারেনি । | ভিন্ন ভিন্ন উৎস ও শ্রোতাভেদে একই ঐতিহাসিক তথ্যের পরিবর্তন এর কথা উল্লেখ করলেও নির্দিষ্ট প্রেক্ষাপট বা ঘটনার নিরিখে চিহ্নিত করতে পারেনি , ফলে ঐতিহাসিক তথ্য যে ব্যক্তি নিরপেক্ষ নয় তা সুস্পষ্টভাবে প্রকাশ করতে পারেনি । | ভিন্ন ভিন্ন উৎস ও শ্রোতাভেদে একই ঐতিহাসিক তথ্যের পরিবর্তন নির্দিষ্ট প্রেক্ষাপট বা ঘটনার নিরিখে চিহ্নিত করতে পেরে ঐতিহাসিক তথ্য যে ব্যক্তি নিরপেক্ষ নয় তা সুস্পষ্টভাবে প্রকাশ করতে পেরেছে। | অনুশীলনী বইয়ের ৬৭ পৃষ্ঠার উল্লিখিত প্রকল্পভিত্তিক কাজ |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | প্রকল্পভিত্তিক অনুসন্ধান কাজের জন্য তথ্য সংগ্রহ করতে পারলেও তা সঠিক উপায়ে বিশ্লেষণ করে ঐতিহাসিক তথ্যের যে উৎস ও ব্যক্তিভেদে পরিবর্তন তা চিহ্নিত করতে পারেনি। | প্রকল্প ভিত্তিক কাজে তথ্য বিশ্লেষণ করতে পারলেও বিভিন্ন উৎস ও ব্যক্তিভেদে একই ঘটনার প্রেক্ষিতে তথ্যের পার্থক্য চিহ্নিত করতে পারেনি। | প্রকল্প ভিত্তিক কাজে তথ্য বিশ্লেষণ করতে পেরেছে ও উৎস ও ব্যক্তিভেদে তথ্যের পরিবর্তন একই ঘটনার প্রেক্ষিতে তথ্য যে ব্যক্তি নিরপেক্ষ নয় তা চিহ্নিত করতে পারছে। | |
| ৭.৪.১ প্রেক্ষাপট পর্যালোচনা করে মুক্তিযুদ্ধে স্থানীয় ও আন্তর্জাতিক বিভিন্ন পক্ষের | প্রেক্ষাপট পর্যালোচনা করে মুক্তিযুদ্ধে স্থানীয় ও আন্তর্জাতিক বিভিন্ন পক্ষের ভূমিকাও মূল্যায়ন করতে পারছে না এবং ভাতৃত্ববোধও এখনো জাগ্রত হয়নি। | প্রেক্ষাপট পর্যালোচনা করে মুক্তিযুদ্ধে স্থানীয় ও আন্তর্জাতিক বিভিন্ন পক্ষের ভূমিকা মূল্যায়ন করতে পারলেও ভাতৃত্ববোধও এখনো  জাগ্রত হয়নি । | প্রেক্ষাপট পর্যালোচনা করে মুক্তিযুদ্ধে স্থানীয় ও আন্তর্জাতিক বিভিন্ন পক্ষের ভূমিকা মূল্যায়ন করে ভাতৃত্ববোধ জাগ্রত হচ্ছে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ভূমিকা মূল্যায়ন করে ভ্রাতৃত্ববোধ জাগ্রত হচ্ছে। | | | | |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | মুক্তিযুদ্ধে তারা যে প্রশ্নের উত্তর খুঁজছে তার প্রেক্ষিতে কোনো স্থানীয় পক্ষের ভূমিকা, আন্তর্জাতিক ভূমিকা উল্লেখ করতে পারলেও পর্যালোচনা করতে পারেনি এবং সকল প্রেক্ষাপট পর্যালোচনা শেষে বিভিন্ন দেশ, সংস্থা ও মানুষের প্রতি কৃতজ্ঞতা বোধের প্রকাশ অনুপস্থিত। | মুক্তিযুদ্ধে তারা যে প্রশ্নের উত্তর খুঁজছে তার প্রেক্ষিতে কোনো স্থানীয় পক্ষের ভূমিকা ও আন্তর্জাতিক ভূমিকার মধ্যে অন্তত পক্ষে একটির সামান্য পর্যালোচনা করতে পেরেছে এবং সকল প্রেক্ষাপট পর্যালোচনা শেষে বিভিন্ন দেশ, সংস্থা ও মানুষের প্রতি কৃতজ্ঞতা বোধ প্রকাশ করেছে কিন্তু অন্য কোন দেশ, জাতি বা গোষ্ঠীর প্রতি ঘৃণার প্রকাশ রয়েছে। | মুক্তিযুদ্ধে তারা যে প্রশ্নের উত্তর খুঁজছে তার প্রেক্ষিতে স্থানীয় পক্ষের ভূমিকা অন্তত একটির ও আন্তর্জাতিক পক্ষের অন্তত একটির ভূমিকা গভীরভাবে পর্যালোচনা করতে পেরেছে। সকল প্রেক্ষাপট পর্যালোচনা করে শেষে বিভিন্ন দেশ, সংস্থা ও মানুষের প্রতি কৃতজ্ঞতা বোধ প্রকাশ করেছে এবং কোন দেশ, জাতি বা গোষ্ঠীর প্রতি ঘৃণা বোধ জাগ্রত হয়নি- একে রাজনৈতিক প্রেক্ষাপট হিসেবেই ব্যাখ্যা করতে পারছে। | |

<table>
<tr><td colspan="5">শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক</td></tr>
<tr><td colspan="2">অভিজ্ঞতা নং : ৪<br>অভিজ্ঞতার শিরোনাম : সামাজিক মূল্যবোধ ও রীতিনীতি</td><td>শ্রেণি : ৭ম</td><td colspan="2">বিষয় : ইতিহাস ও সামাজিক বিজ্ঞান</td></tr>
<tr><td rowspan="2">পারদর্শিতার সূচক (PI)</td><td colspan="3">পারদর্শিতার সূচকের মাত্রা</td><td rowspan="2">যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন</td></tr>
<tr><td>□</td><td>○</td><td>△</td></tr>
<tr><td>৭.৫.১ অনুসন্ধানের মাধ্যমে প্রচলিত রীতিনীতি, মূল্যবোধ ও বিভিন্ন সামাজিক কাঠামো একে অন্যকে কীভাবে প্রভাবিত করে তা উপলব্ধি করতে পারছে।</td><td>অনুসন্ধানের মাধ্যমে প্রচলিত রীতিনীতি মূল্যবোধ ও বিভিন্ন সামাজিক কাঠামো সমাজে কীভাবে কাজ করতো ক্ষেত্র বিশেষে অন্বেষণ করতে পারছে।</td><td>অনুসন্ধানের মাধ্যমে প্রচলিত রীতিনীতি, মূল্যবোধ ও বিভিন্ন সামাজিক কাঠামো আলাদা আলাদাভাবে কীভাবে কাজ করে তা অন্বেষণ করতে পারছে।</td><td>অনুসন্ধানের মাধ্যমে প্রচলিত রীতিনীতি মূল্যবোধ ও বিভিন্ন সামাজিক কাঠামো একে অন্যকে কীভাবে প্রভাবিত করে তা অন্বেষণ করতে পারছে।</td><td rowspan="3">পৃষ্ঠা নং ৮৩, ৮৯, ৯০, ৯১, ৯৩, ১০১, ১০৩, ১০৮, ১০৯ এর কাজগুলো</td></tr>
<tr><td></td><td colspan="3">যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে</td></tr>
<tr><td></td><td>প্রচলিত রীতিনীতি ও মূল্যবোধ সনাক্ত করতে পারছেনা ও সামাজিক কাঠামোর সাথে পারস্পারিক প্রভাব ব্যাখ্যা করতে পারছেনা।</td><td>প্রচলিত রীতিনীতি ও মূল্যবোধ সঠিকভাবে চিহ্নিত করতে পারলেও তার মধ্যে পার্থক্য ও সামাজিক কাঠামোর সাথে এর পারস্পরিক প্রভাব ব্যাখা করতে পারছেনা।</td><td>প্রচলিত রীতিনীতি ও মূল্যবোধ সঠিকভাবে চিহ্নিত করে সামাজিক কাঠামোর সাথে এর পারস্পারিক প্রভাব ব্যাখ্যা করতে পারছে।</td></tr>
</table>

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | | | |
|---|---|---|---|---|
| **অভিজ্ঞতা নং : ৫**<br>**অভিজ্ঞতার শিরোনাম : সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তনে ব্যক্তির অবস্থান ও ভূমিকা** | | **শ্রেণি : ৭ম** | **বিষয় : ইতিহাস ও সামাজিক বিজ্ঞান** | |
| **পারদর্শিতার সূচক (PI)** | **পারদর্শিতার সূচকের মাত্রা** | | | **যে শিখন কার্যক্রমগুলো পর্যবেক্ষণ করবেন** |
| | □ | ○ | △ | |
| ৭.৬.১ অনুসন্ধানের মাধ্যমে ব্যক্তির অবস্থান ও ভূমিকার উপর সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তনের প্রভাব উপলব্ধি করতে পারছে। | অনুসন্ধানের মাধ্যমে আলাদাভাবে শুধু ব্যক্তির অবস্থান ও ভূমিকার পরিবর্তন এবং সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তনের যে কোন একটি অনুসন্ধান করতে পারছে। | অনুসন্ধানের মাধ্যমে আলাদা আলাদাভাবে ব্যক্তির অবস্থান ও ভূমিকার পরিবর্তন এবং সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তন উপলব্ধি করতে পারলেও উভয়ের আন্তঃসম্পর্ক উপলব্ধি করতে পারছে না। | অনুসন্ধানের মাধ্যমে ব্যক্তির অবস্থান ও ভূমিকার উপর সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তনের প্রভাব উপলব্ধি করতে পারছে। | পৃষ্ঠা নং ১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১২০, ১২২, ১২৭, ১৩৩, ১৩৪ এর কাজ |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | ১। নিজ দেশের ক্ষেত্রে-শিক্ষার্থীরা তাদের অনুসন্ধানী কাজের মধ্য দিয়ে সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তন কীভাবে ব্যক্তির অবস্থান ও ভূমিকাকে প্রভাবিত করে তা সুস্পষ্টভাবে ব্যাখ্যা করতে পারছে না।<br><br>২। অন্যান্য দেশের ক্ষেত্রে- শিক্ষার্থীরা তাদের অনুসন্ধানী কাজের মধ্য দিয়ে সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তন কীভাবে ব্যক্তির অবস্থান ও ভূমিকাকে প্রভাবিত করে তা সুস্পষ্ট | ১। নিজ দেশের ক্ষেত্রে-শিক্ষার্থীরা তাদের অনুসন্ধানী কাজের মধ্য দিয়ে সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তন কীভাবে ব্যক্তির অবস্থান ও ভূমিকাকে প্রভাবিত করে তা সুস্পষ্ট ভাবে ব্যাখ্যা করতে পারলেও তা নির্দিষ্ট তথ্য ও প্রমাণের ভিত্তিতে প্রতিষ্ঠিত করতে পারেনি।<br><br>২। অন্যান্য দেশের ক্ষেত্রে-শিক্ষার্থীরা তাদের অনুসন্ধানী কাজের মধ্য দিয়ে সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তন কীভাবে ব্যক্তির | ১। নিজ দেশের ক্ষেত্রে-শিক্ষার্থীরা তাদের অনুসন্ধানী কাজের মধ্য দিয়ে সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তন কীভাবে ব্যক্তির অবস্থান ও ভূমিকাকে প্রভাবিত করে তা নির্দিষ্ট তথ্য ও প্রমানের ভিত্তিতে সুস্পষ্টভাবে বিশ্লেষণ করতে পারছে।<br><br>২। অন্যান্য দেশের ক্ষেত্রে-শিক্ষার্থীরা তাদের অনুসন্ধানী কাজের মধ্য দিয়ে সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তন কীভাবে ব্যক্তির অবস্থান ও | |

| | | | | |
|---|---|---|---|---|
| | ভাবে ব্যাখ্যা করতে পারছে না। | অবস্থান ও ভূমিকাকে প্রভাবিত করে তা সুস্পষ্টভাবে ব্যাখ্যা করতে পারলেও তা নির্দিষ্ট তথ্য ও প্রমাণের ভিত্তিতে প্রতিষ্ঠিত করতে পারেনি। | ভূমিকাকে প্রভাবিত করে তা নির্দিষ্ট তথ্য ও প্রমাণের ভিত্তিতে সুস্পষ্টভাবে বিশ্লেষণ করতে পারছে। | |

| শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়ন ছক | | | | |
|---|---|---|---|---|
| | | | | |
| **অভিজ্ঞতা নং : ৬**<br>**অভিজ্ঞতার শিরোনাম : টেকসই উন্নয়ন ও আমাদের ভূমিকা** | | **শ্রেণি : ৭ম** | **বিষয় :ইতিহাস ও সামাজিক বিজ্ঞান** | |
| **পারদর্শিতার সূচক(PI)** | **পারদর্শিতার সূচকের মাত্রা** | | | **যে শিখন কার্যক্রম গুলো পর্যবেক্ষণ করবেন** |
| | □ | ○ | △ | |
| ৭.৭.১ স্থানীয় ও বৈশ্বিক প্রেক্ষাপটে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বিভিন্ন ধরনের পরিবর্তন পর্যালোচনা করে এদের আন্তঃসম্পর্ক উদঘাটন করতে পারছে। । | প্রাকৃতিক পরিবেশের প্রভাবে সামাজিক পরিবেশের পরিবর্তন এবং সামাজিক পরিবেশের পরিবর্তনের ফলে প্রাকৃতিক পরিবেশের পরিবর্তনের ধরন কিছু কিছু ক্ষেত্রে অনুসন্ধান করতে পারলেও **স্থানীয় ও বৈশ্বিক উভয় প্রেক্ষাপটে এর** সামগ্রিক চিত্র এবং উভয়ের আন্তঃসম্পর্ক উপলব্ধি করতে পারছে না। | **শুধু স্থানীয় প্রেক্ষাপটে প্রাকৃতিক পরিবেশের প্রভাবে সামাজিক পরিবেশের পরিবর্তন এবং সামাজিক পরিবেশের পরিবর্তনের ফলে প্রাকৃতিক পরিবেশের পরিবর্তনের ধরন অনুসন্ধান করতে পারছে এবং এদের আন্তঃসম্পর্কও উপলব্ধি করতে পারছে। কিন্তু বৈশ্বিক প্রেক্ষাপট বিবেচনায় এনে এদের আন্তঃসম্পর্ক উপলব্ধি করতে পারছে না।** | **স্থানীয় ও বৈশ্বিক উভয় প্রেক্ষাপটে প্রাকৃতিক পরিবেশের প্রভাবে সামাজিক পরিবেশের পরিবর্তন এবং সামাজিক পরিবেশের পরিবর্তনের ফলে প্রাকৃতিক পরিবেশের পরিবর্তনের ধরন অনুসন্ধান করে উভয়ের আন্তঃসম্পর্ক উপলব্ধি করতে পারছে।** | অনুশীলন বই ১৩৭ পৃ এর অনুসন্ধান কার্যক্রম, ১৩৮ পৃ অনুসন্ধান কার্যক্রম, ১৪০ পৃ ছক, ১৪৩ পৃ ছক, ১৪৬ পৃ বাঁধ বিতর্ক, ১৫৩ পৃ ছক, ১৫৯ পৃ ছক, ১৫৯ পৃ প্রকল্প ভিত্তিক কাজ। |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | ১. প্রাকৃতিক সম্পদের নবায়ন ও অনবায়ন রূপ চিহ্নিত করতে পারলেও কীভাবে তা পরিবর্তিত হয় তা চিহ্নিত করতে পারছে না এবং সামাজিক জীবনে তার প্রভাবও ব্যাখ্যা করতে পারছে না।<br><br>২. প্রাচীনকাল থেকে বর্তমান সময় পর্যন্ত মানুষের সম্পদ এর ব্যবহার চিহ্নিত করতে পারলেও সম্পদের ব্যবহারের | ১. সমাজে মানুষের বিভিন্ন কর্মকান্ড কীভাবে একটি প্রাকৃতিক সম্পদকে নবায়নযোগ্য সম্পদ থেকে অনবায়নযোগ্য সম্পদে পরিণত করে তা চিহ্নিত করতে পারলেও এটি সামাজিক জীবনে কী ধরণের প্রভাব ফেলছে তা ব্যাখ্যা করতে পারছে না।<br><br>২. প্রাচীনকাল থেকে বর্তমান সময় পর্যন্ত মানুষের সম্পদ ব্যবহারের ধরণ চিহ্নিত করতে পারলেও এসব সম্পদের ব্যবহারের পরিবর্তন | ১. সমাজে মানুষের বিভিন্ন কর্মকান্ড কীভাবে একটি প্রাকৃতিক সম্পদকে নবায়নযোগ্য সম্পদ থেকে অনবায়নযোগ্য সম্পদে পরিণত করে তার কার্যকারণ চিহ্নিত করতে পারছে এবং সামাজিক জীবনে তার প্রভাবও ব্যাখ্যা করতে পারছে।<br><br>২. প্রাচীনকাল থেকে বর্তমান সময় পর্যন্ত মানুষের সম্পদ ব্যবহারের ধরণ চিহ্নিত করতে পারছে এবং সম্পদের ব্যবহারের | |

| | | | | |
|---|---|---|---|---|
| | যেসব পরিবর্তন এসেছে তা চিহ্নিত করতে পারছে না এবং তা প্রাকৃতিক পরিবেশে কী ধরনের প্রভাব ফেলছে তা সঠিক ভাবে ব্যাখ্যা করতে পারছে না। | প্রাকৃতিক পরিবেশে কী ধরনের প্রভাব ফেলছে তা পুরোপুরি ব্যাখ্যা করতে পারছে না। | পরিবর্তন প্রাকৃতিক পরিবেশে কী ধরনের প্রভাব ফেলছে তা সম্পূর্ণরূপে ব্যাখ্যা করতে পারছে। | |
| ৭.৭.২ স্থানীয় ও বৈশ্বিক প্রেক্ষাপটে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের আন্তঃসম্পর্ক বিবেচনায় নিয়ে নিজস্ব গন্ডিতে টেকসই উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করতে পারছে। | **স্থানীয় ও বৈশ্বিক উভয় প্রেক্ষাপটে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের আন্তঃসম্পর্ক বিবেচনা এবং টেকসই উন্নয়নের উপায় উপলব্ধি করতে পারলেও** নিজস্ব গন্ডিতে টেকসই উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করতে পারছে না। | **শুধু স্থানীয় প্রেক্ষাপটে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের আন্তঃসম্পর্ক বিবেচনায় নিয়ে** নিজস্ব গন্ডিতে টেকসই উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করতে পারছে। | **স্থানীয় ও বৈশ্বিক উভয় প্রেক্ষাপটে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের আন্তঃসম্পর্ক বিবেচনায় নিয়ে** নিজস্ব গন্ডিতে টেকসই উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করতে পারছে। | অনুশীলন বই পৃষ্ঠা ১৫৫ পৃ ক্লাব কার্যক্রম এর কাজ এবং ১৬২ পৃ কার্যক্রম । |
| | **যে পারদর্শিতা দেখে মাত্রা নিরূপণ করা যেতে পারে** | | | |
| | নিজ পরিবার বিদ্যালয় ও এলাকায় বিভিন্ন ধরনের প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবহার কীভাবে করা যায় তা কিছু কিছু ক্ষেত্রে চিহ্নিত করতে পারলেও সেসব কাজ কীভাবে বাস্তবায়ন করা যায় সে ধরণের পরিকল্পনায় ইতিবাচক মনোভাব দেখাচ্ছে না এবং স্থানীয় পর্যায়ে বাস্তবায়নমূলক কাজে সক্রিয় অংশগ্রহন করছে না। | বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে নিজ পরিবার, বিদ্যালয় ও এলাকায় বিভিন্ন ধরনেরর প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবহার কীভাবে করা যায় তা চিহ্নিত করতে পারছে কিন্তু স্থানীয় পর্যায়ে সেসব উপায়সমূহ বাস্তবায়নমূলক কাজে সক্রিয় মনোভাব দেখাচ্ছে না। | বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে নিজ পরিবার, বিদ্যালয় ও এলাকায় বিভিন্ন ধরনের প্রাকৃতিক সম্পদের সুষ্ঠু ব্যবহার কীভাবে করা যায় তা চিহ্নিত করছে এবং স্থানীয় পর্যায়ে সেসব উপায়সমূহ বাস্তবায়নমূলক কাজে সক্রিয় অংশগ্রহণ করছে। | |

## পরিশিষ্ট ৩

### শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক

নির্দিষ্ট শিখন অভিজ্ঞতাভিত্তিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীর উপাত্ত সংগ্রহের ছক পরবর্তী পৃষ্ঠায় দেয়া হলো। শিক্ষার্থীর সংখ্যা বিবেচনায় শিক্ষকগণ প্রতি শিখন অভিজ্ঞতা শেষে এই ছকের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি তৈরি করে নেবেন।

**উদাহরণ:**

"**টেকসই উন্নয়ন ও আমাদের ভূমিকা**" শিখন অভিজ্ঞতায় শিক্ষার্থীর পারদর্শিতা মূল্যায়নের সুবিধার্থে দুটি পারদর্শিতার সূচক নির্বাচন করা হয়েছে, সেগুলো হলো ৭.৭.১, ৭.৭.২ (পরিশিষ্ট-২ দেখুন)। শিক্ষক উক্ত শিখন অভিজ্ঞতার টপশিটের সাথে পরের পৃষ্ঠায় দেয়া ছকটি পূরণ করে ব্যবহার করবেন। নিচে নমুনা হিসেবে কয়েকজন শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা কীভাবে রেকর্ড করবেন তা দেখানো হয়েছে।

| প্রতিষ্ঠানের নাম : | | | | | তারিখ: |
|---|---|---|---|---|---|
| অভিজ্ঞতা নং : ৬ | শ্রেণি : | ৭ম | বিষয় : | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | শিক্ষকের নাম ও স্বাক্ষর |
| শিখন অভিজ্ঞতার শিরোনাম : | **টেকসই উন্নয়ন ও আমাদের ভূমিকা** | | | | নাজমা হক |

| | | প্রযোজ্য PI নং | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | ৭.৭.১ | ৭.৭.২ | | | | |
| ০১ | মোহনা চৌধুরী | □○▲ | □○▲ | □○△ | □○△ | □○△ | □○△ |
| ০২ | রাসেল আহমেদ | ■○△ | ■○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| ০৩ | অমিত কুণ্ডু | □○▲ | ■○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| ০৪ | নিলুফার ইয়াসমিন | ■○△ | ■○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| ০৫ | শিউলি সরকার | ■○△ | ■○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| ০৬ | পার্থ রোজারিও | □○▲ | ■○△ | □○△ | □○△ | □○△ | □○△ |

| প্রতিষ্ঠানের নাম : | | | | | তারিখ: |
|---|---|---|---|---|---|
| অভিজ্ঞতা নং : | শ্রেণি : | | বিষয় : | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | শিক্ষকের নাম ও স্বাক্ষর : |
| শিখন অভিজ্ঞতার শিরোনাম : | | | | | |

| | | প্রযোজ্য PI নং | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | | | | | | |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |

| | | প্রযোজ্য PI নং | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| রোল নং | নাম | | | | | | |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |
| | | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ | □○△ |

## পরিশিষ্ট ৪

ষান্মাসিক মূল্যায়ন শেষে শিক্ষার্থীর ট্রান্সক্রিপ্ট

| | | | |
|---|---|---|---|
| **প্রতিষ্ঠানের নাম** | | | |
| **শিক্ষার্থীর নাম** | | | |
| **শিক্ষার্থীর আইডি:** ................................ | **শ্রেণি : সপ্তম** | **বিষয়: ইতিহাস ও সামাজিক বিজ্ঞান** | **শিক্ষকের নাম :** |

| **পারদর্শিতার সূচকের মাত্রা** | | | |
|---|---|---|---|
| **পারদর্শিতার সূচক** | **শিক্ষার্থীর পারদর্শিতার মাত্রা** | | |
| | □ | ○ | △ |
| ৭.১.১অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছে তার পরিবর্তনশীলতা উপলব্ধি করতে পারছে। | অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছাতে পারছে না এবং তার পরিবর্তনশীলতাও উপলব্ধি করতে পারছে না। | অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছাতে পারছে কিন্তু তার পরিবর্তনশীলতা উপলব্ধি করতে পারছে না। | অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহ ব্যবহার করে বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, রীতিনীতি ও মূল্যবোধ সংক্রান্ত নিজের কোন পূর্বানুমান বা ধারণা যাচাইয়ের মাধ্যমে যৌক্তিক সিদ্ধান্তে পৌঁছে তার পরিবর্তনশীলতা উপলব্ধি করতে পারছে। |
| ৭.১.২ ইতিহাস ও সামাজিক বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করতে পারছে। | □ | ○ | △ |
| | পাঠ্যপুস্তকে যে সকল বিষয়ে অনুসন্ধানমূলক কাজের নির্দেশনা দেওয়া আছে ঐসব ক্ষেত্রেও অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করছে না। | পাঠ্যপুস্তকে যে সকল বিষয়ে অনুসন্ধানমূলক কাজের নির্দেশনা দেওয়া আছে শুধু ঐসব ক্ষেত্রেই অনুসন্ধানের বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করছে। | স্বতঃস্ফূর্তভাবে ইতিহাস ও সামাজিক বিজ্ঞানের যে কোন বিষয় অনুসন্ধানে বৈজ্ঞানিক ধাপসমূহের চর্চা করছে |

| | | | |
|---|---|---|---|
| ৭.২.১ নিজের ও অন্য সম্প্রদায়ের বৈশিষ্ট্যের সাদৃশ্য ও ভিন্নতা চিহ্নিত করে পারস্পরিক নির্ভরশীলতা উপলব্ধি করতে পারছে। | □ | ○ | △ |
| | নিজের ও অন্য সম্প্রদায়ের বৈশিষ্ট্যেসমূহ চিহ্নিত করতে পারলেও সাদৃশ্য ও ভিন্নতা চিহ্নিত করতে পারছে না। পারস্পরিক নির্ভরশীলতাও উপলব্ধি করতে পারছে না। | নিজের ও অন্য সম্প্রদায়ের বৈশিষ্ট্যের সাদৃশ্য ও ভিন্নতা চিহ্নিত করতে পারলেও পারস্পরিক নির্ভরশীলতা উপলব্ধি করতে পারছে না। | নিজের ও অন্য সম্প্রদায়ের বৈশিষ্ট্যের সাদৃশ্য ও ভিন্নতা চিহ্নিত করে পারস্পরিক নির্ভরশীলতা উপলব্ধি করতে পারছে। |
| ৭.২.২ নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করতে পারছে। | □ | ○ | △ |
| | নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণের গুরুত্ব উপলব্ধি করতে পারছে না। | নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণের গুরুত্ব উপলব্ধি করতে পারছে। | নিজের ও অন্য সম্প্রদায়ের সবাই মিলে ভালো থাকার লক্ষ্যে সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করতে পারছে। |
| ৭.৩.১ উৎস ও শ্রোতা ভেদে একই ঐতিহাসিক তথ্যের পরিবর্তন চিহ্নিত করতে পেরে ঐতিহাসিক তথ্য যে ব্যক্তি নিরপেক্ষ নয় তা উপলব্ধি করতে পারছে। | □ | ○ | △ |
| | ভিন্ন ভিন্ন উৎস ও শ্রোতাভেদে একই ঐতিহাসিক তথ্যের পরিবর্তন তুলে ধরতে পারেনি , ফলে ঐতিহাসিক তথ্য যে ব্যক্তি নিরপেক্ষ নয় তা সুস্পষ্টভাবে প্রকাশ করতে পারেনি । | ভিন্ন ভিন্ন উৎস ও শ্রোতাভেদে একই ঐতিহাসিক তথ্যের পরিবর্তনের কথা উল্লেখ করলেও নির্দিষ্ট প্রেক্ষাপট বা ঘটনার নিরিখে চিহ্নিত করতে পারেনি , ফলে ঐতিহাসিক তথ্য যে ব্যক্তি নিরপেক্ষ নয় তা সুস্পষ্টভাবে প্রকাশ করতে পারেনি । | ভিন্ন ভিন্ন উৎস ও শ্রোতাভেদে একই ঐতিহাসিক তথ্যের পরিবর্তন নির্দিষ্ট প্রেক্ষাপট বা ঘটনার নিরিখে চিহ্নিত করতে পেরে ঐতিহাসিক তথ্য যে ব্যক্তি নিরপেক্ষ নয় তা সুস্পষ্টভাবে প্রকাশ করতে পেরেছে। |
| ৭.৪.১ প্রেক্ষাপট পর্যালোচনা করে মুক্তিযুদ্ধে স্থানীয় ও আন্তর্জাতিক বিভিন্ন পক্ষের ভূমিকা মূল্যায়ন করে ভাতৃত্ববোধ জাগ্রত হচ্ছে। | □ | ○ | △ |
| | প্রেক্ষাপট পর্যালোচনা করে মুক্তিযুদ্ধে স্থানীয় ও আন্তর্জাতিক বিভিন্ন পক্ষের ভূমিকাও মূল্যায়ন করতে পারছে না এবং ভাতৃত্ববোধও এখনো জাগ্রত হয়নি। | প্রেক্ষাপট পর্যালোচনা করে মুক্তিযুদ্ধে স্থানীয় ও আন্তর্জাতিক বিভিন্ন পক্ষের ভূমিকা মূল্যায়ন করতে পারলেও ভাতৃত্ববোধ | প্রেক্ষাপট পর্যালোচনা করে মুক্তিযুদ্ধে স্থানীয় ও আন্তর্জাতিক বিভিন্ন পক্ষের ভূমিকা মূল্যায়ন |

| | | | |
|---|---|---|---|
| | | এখনো জাগ্রত হয়নি। | করে ভাতৃত্ববোধ জাগ্রত হচ্ছে। |
| ৭.৫.১ অনুসন্ধানের মাধ্যমে প্রচলিত রীতিনীতি, মূল্যবোধ ও বিভিন্ন সামাজিক কাঠামো একে অন্যকে কীভাবে প্রভাবিত করে তা উপলব্ধি করতে পারছে। | □ | ○ | △ |
| | অনুসন্ধানের মাধ্যমে প্রচলিত রীতিনীতি, মূল্যবোধ ও বিভিন্ন সামাজিক কাঠামো সমাজে কীভাবে কাজ করে তা ক্ষেত্র বিশেষে অন্বেষণ করতে পারছে। | অনুসন্ধানের মাধ্যমে প্রচলিত রীতিনীতি মূল্যবোধ ও বিভিন্ন সামাজিক কাঠামো আলাদা আলাদাভাবে কীভাবে কাজ করে তা অন্বেষণ করতে পারছে। | অনুসন্ধানের মাধ্যমে প্রচলিত রীতিনীতি মূল্যবোধ ও বিভিন্ন সামাজিক কাঠামো একে অন্যকে কীভাবে প্রভাবিত করে তা অন্বেষণ করতে পারছে। |
| ৭.৬.১ অনুসন্ধানের মাধ্যমে ব্যক্তির অবস্থান ও ভূমিকার উপর সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তনের প্রভাব উপলব্ধি করতে পারছে। | □ | ○ | △ |
| | অনুসন্ধানের মাধ্যমে আলাদাভাবে শুধু ব্যক্তির অবস্থান ও ভূমিকার পরিবর্তন এবং সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তনের যে কোন একটি অনুসন্ধান করতে পারছে। | অনুসন্ধানের মাধ্যমে আলাদা আলাদাভাবে ব্যক্তির অবস্থান ও ভূমিকার পরিবর্তন এবং সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তন উপলব্ধি করতে পারলে ও উভয়ের আন্তঃসম্পর্ক উপলব্ধি করতে পারছে না। | অনুসন্ধানের মাধ্যমে ব্যক্তির অবস্থান ও ভূমিকার উপর সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটের পরিবর্তনের প্রভাব উপলব্ধি করতে পারছে। |
| ৭.৭.১ স্থানীয় ও বৈশ্বিক প্রেক্ষাপটে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বিভিন্ন ধরনের পরিবর্তন পর্যালোচনা করে এদের আন্তঃসম্পর্ক উদঘাটন করতে পারছে। । | □ | ○ | △ |
| | প্রাকৃতিক পরিবেশের প্রভাবে সামাজিক পরিবেশের পরিবর্তন এবং সামাজিক পরিবেশের পরিবর্তনের ফলে প্রাকৃতিক পরিবেশের পরিবর্তনের ধরণ কিছু কিছু ক্ষেত্রে অনুসন্ধান করতে পারলেও স্থানীয় ও বৈশ্বিক উভয় প্রেক্ষাপটের সামগ্রিক চিত্র এবং উভয়ের আন্তঃসম্পর্ক উপলব্ধি করতে পারছে না। | শুধু স্থানীয় প্রেক্ষাপটে প্রাকৃতিক পরিবেশের প্রভাবে সামাজিক পরিবেশের পরিবর্তন এবং সামাজিক পরিবেশে পরিবর্তনের ফলে প্রাকৃতিক পরিবেশের পরিবর্তনের ধরন অনুসন্ধান করতে পারছে এবং এদের আন্তঃসম্পর্কও উপলব্ধি করতে পারছে। কিন্তু বৈশ্বিক প্রেক্ষাপট বিবেচনায় এনে এদের আন্তঃসম্পর্ক উপলব্ধি করতে | স্থানীয় ও বৈশ্বিক উভয় প্রেক্ষাপটে প্রাকৃতিক পরিবেশের প্রভাবে সামাজিক পরিবেশের পরিবর্তন এবং সামাজিক পরিবেশের পরিবর্তনের ফলে প্রাকৃতিক পরিবেশের পরিবর্তনের ধরন অনুসন্ধান করে উভয়ের আন্তঃসম্পর্ক উপলব্ধি করতে পারছে। |

| | | | |
|---|---|---|---|
| | | পারছে না। | |
| ৭.৭.২ স্থানীয় ও বৈশ্বিক প্রেক্ষাপটে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের আন্তঃসম্পর্ক বিবেচনায় নিয়ে নিজস্ব গন্ডিতে টেকসই উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করতে পারছে। | □ | ○ | △ |
| | স্থানীয়/বৈশ্বিক প্রেক্ষাপটে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের আন্তঃসম্পর্ক বিবেচনা এবং টেকসই উন্নয়নের উপায় উপলব্ধি করতে পারলেও নিজস্ব গন্ডিতে টেকসই উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করতে পারছে না। | শুধু স্থানীয় প্রেক্ষাপটে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের আন্তঃসম্পর্ক বিবেচনায় নিয়ে নিজস্ব গন্ডিতে টেকসই উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করতে পারছে। | স্থানীয় ও বৈশ্বিক উভয় প্রেক্ষাপটে প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের আন্তঃসম্পর্ক বিবেচনায় নিয়ে নিজস্ব গন্ডিতে টেকসই উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করতে পারছে। |

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ